

আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
এস্টেট শাখা
www.ctg.citycorp.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

খালি ফ্লোর বরাদ্দের বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন দেওয়ানহাট পোর্ট সিটি কমপ্লেক্স মার্কেটের ৫ম তলা ১৪২০৮ বর্গফুট ও ৬ষ্ঠ তলা দক্ষিণাংশ ২১৫৫২ বর্গফুট (কম/বেশি) ফ্লোর ৫ (পাঁচ) বছরের জন্য (নবায়ন সাপেক্ষে) ফ্লোর / স্পেস বাণিজ্যিক ব্যবহারের জন্য বরাদ্দ প্রদানের নিমিত্ত উন্নয়ন চার্জ ও ভাড়া উল্লেখ্যপূর্বক নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত শর্ত সম্বলিত দরপত্র ফরম এস্টেট শাখায় পাওয়া যাবে। প্রতি ফ্লোরের জন্য উল্লেখিত দরের ৩০% শতাংশ অর্থ জামানত স্বরূপ “মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন” বরাবর পে-অর্ডার / ব্যাংক ড্রাফটসহ কর্পোরেশনের এস্টেট শাখার ২য় তলায় রক্ষিত বক্সে আগামী ২৬/০৭/১৫ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টাক হতে বেলা ১.০০ টার মধ্যে দরপত্র ফরম দাখিল করতে হবে। উল্লেখিত তারিখ দুপুর ১.৩০ ঘটিকায় কর্পোরেশনের মিলনায়তনে দরদাতাদের সম্মুখে দরপত্র বক্স খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরদাতাকে সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট, ট্যাক্স, উৎসকর পরিশোধ করতে হবে। দরপত্র প্রতিটি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র পে-অর্ডারের মাধ্যমে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে (অফেরতযোগ্য) মূল্য ২৫/৭/১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
তারিখ : ২০/৬/১৫

স্মারক নং-চসিক/রাঃবিঃ/এস্টেট/ ৭২৬ (৫) /১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হল :

- ১। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। আই.টি. অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, বিজ্ঞপ্তিটি ২টি স্থানীয় দৈনিক পত্রিকায় ১(এক) দিন প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহকারে প্রেরণ করা হল।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন